অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/27/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো বিধ্বংসী 31 অক্টোবরের ঝড়ের জন্য দুর্যোগ অনুদান ঘোষণা করতে ফেডারেল সরকারকে আহ্বান জানান

হ্যালোইন ঝড়ে ক্ষতিগ্রস্ত স্থানীয় সরকার এবং গৃহমালিকদের জন্য ফেডারেল আর্থিক ত্রাণ চেয়ে এই অনুরোধ করা হয়

18 টি কাউন্টির সর্বত্র সরকারি অবকাঠামোয় 33 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ক্ষয়ক্ষতি হয়েছে এই ঝড়ের কারণে

এসেক্স, হ্যামিল্টন, হারকিমার এবং ওনিডা কাউন্টিতে 290 টির বেশি ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে যার মধ্যে 18 টি ধ্বংস হয়ে গেছে

এখানে গভর্নরের অনুরোধ দেখুন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ কেন্দ্রীয় সরকারকে আহ্বান জানান যে গত 31 অক্টোবরে ভয়াবহ ঝড়ের সময় আকস্মিক বন্যায় বিধ্বস্ত 18 টি কাউন্টির জন্য বড় ধরনের দুর্যোগ ঘোষণা করা হোক। এই অনুরোধে অন্তর্ভুক্ত 18 টি কাউন্টির মধ্যে রয়েছে চতোকোয়া, চেনাঙ্গো, কর্টল্যান্ড, এরি, এসেক্স, ফুলটন, হ্যামিল্টন, হারকিমার, জেফারসন, লুইস, ম্যাডিসন, মন্টগোমারি, ওনিডা, ওসুয়েগো, ওটসেগো, সারাটোগা, তিওগা ও ওয়ারেন কাউন্টি।

একটি বড় দুর্যোগ ঘোষণার ফলে কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তা স্থানীয় কমিউনিটিগুলোকে তাদের পুনরুদ্ধারের সুযোগ করে দিবে। সহায়তার মধ্যে রয়েছে জরুরী নিরাপত্তামূলক ব্যবস্থা, ধ্বংসাবশেষ অপসারণ এবং সরকারি ভবন ও অবকাঠামোর মেরামতের জন্য অর্থায়ন, সেইসাথে এসেক্স, হ্যামিল্টন, হারকিমার এবং ওনিডা কাউন্টির ব্যক্তি ও গৃহমালিকদেরকে সরাসরি সহায়তা।

"এ বছরের হ্যালোইন ঝড় গোটা রাজ্য জুড়ে অবকাঠামো ও বাড়িগুলির প্রচণ্ড ক্ষতি করেছে," **গভর্নর কুওমো বলেন।** "আমি ফেডারেল সরকারকে অনুরোধ করছি যত তাড়াতাড়ি সম্ভব এই ঝড়ের ক্ষয়ক্ষতির তীব্রতা যাচাই করার জন্য যাতে আমরা ব্যবসা এবং পরিবারগুলোকে তাদের মেরামত এবং পুনর্নির্মাণের জন্য প্রয়োজনীয় অর্থ যোগানের কাজ শুরু করতে পারি।"

এমনকি নিউ ইয়র্কের প্রথম সাড়াদানকারী এবং জরুরি ব্যবস্থাপনা দল যখন ঘটনাস্থলে স্থানীয় অংশীদারদের সাথে সহায়তা প্রদান অব্যহত রেখেছে, তখন হোমল্যান্ড সিকিউরিটি এবং জরুরি পরিষেবা বিভাগ ইতোমধ্যে বিশেষজ্ঞ নিয়োগ করেছে যারা সক্রিয়ভাবে সম্ভাব্য ফেডারেল বিপর্যয় সহায়তা প্রয়োগের উদ্দেশ্যে ক্ষয়ক্ষতির মূল্যায়ন করছে। প্রাথমিক ক্ষতির মূল্যায়ন চূড়ান্ত হবার পর, ফেডারাল পক্ষের তাৎক্ষণিক পর্যালোচনার জন্য স্টেট ফেডারেল জরুরি ব্যবস্থাপনা এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) সাথে অবিচ্ছিন্ন যোগাযোগে রাখছে।

এই প্রচেষ্টার ফলে, স্টেট এবং ফেডারেল বিশেষজ্ঞরা অনুমান করেছেন যে এই ঝড়ের কারণে এ পর্যন্ত সরকারি অবকাঠামোয় 33 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ক্ষতি হয়েছে। সরকারি অবকাঠামো পুনঃস্থাপনের সহায়তার জন্য অর্থ প্রদান FEMA এর গণ সহায়তা কার্যক্রমের মাধ্যমে চাওয়া হচ্ছে যা স্থানীয় সরকারের জন্য অর্থ পরিশোধ করে যখন ধ্বংসাবশেষ সরানো, জরুরী নিরাপত্তামূলক ব্যবস্থা, মেরামত এবং সরকারি মালিকানাধীন ক্ষতিগ্রস্ত অবকাঠামো যেমন রাস্তাঘাট, স্কুল, সেতু, পার্ক, হাসপাতাল, থানা, দমকল বাড়ি, পানি ও বর্জ্য পানি শোধন ব্যবস্থা এবং অন্যান্য সরকারি ভবন পুনর্নির্মাণের মতো কার্যক্রমের জন্য প্রেসিডেন্ট কর্তৃক একটি দুর্যোগ ঘোষণা করা হয়।

উপরন্তু, গভর্নর এসেক্স, হ্যামিল্টন, হারকিমার এবং ওনিডা কাউন্টির জন্য FEMA এর স্বতন্ত্র সহায়তা প্রোগ্রামের মাধ্যমে ফেডারেল ফান্ডিং-এর অনুরোধ করছেন। এই প্রোগ্রামটি ব্যক্তি ও পরিবারকে সরাসরি সহায়তা প্রদান করে। ক্ষতি মূল্যায়ন প্রক্রিয়ার সর্বত্র, স্টেট, স্থানীয় এবং ফেডারেল বিশেষজ্ঞগণ নির্ধারণ করেন যে 18 টি ঘরবাড়ি ধ্বংস হয়েছিল, 135 টির বড় ধরনের ক্ষতি, 136 টির সামান্য ক্ষতি এবং 110 টির অন্যথায় যেকোনও ভাবে ক্ষতি হয়েছিল। অনুমোদিত হলে, যোগ্য গৃহমালিকরা তহবিল পাওয়ার জন্য FEMA এর সাথে সরাসরি কাজ করবে।

হোমল্যান্ড নিরাপত্তা এবং জরুরি পরিষেবা বিভাগের (Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার প্যাট্রিক এ. মার্ফি বলেন, "ফেডারেল ডিজাস্টার এইড এর জন্য গভর্নরের অনুরোধ পুনরুদ্ধারের প্রক্রিয়ায় একটি অপরিহার্য অংশ কেননা এই অর্থায়ন এই কমিউনিটিগুলোকে এই ধরনের একটি বিধ্বংসী ঝড়ের পর পুনর্নির্মাণে সাহায্য করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা এ পর্যন্ত তাদের অংশীদারিত্বের জন্য FEMA-কে ধন্যবাদ জানাই এবং ভবিষ্যতে সেই সম্পর্ক অব্যাহত রাখতে চাই যাতে এই কমিউনিটিগুলো আরও ভালোভাবে গড়ে উঠতে সাহায্য করা যায়।"

ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) ও নিউ ইয়র্ক স্টেট মেজোনেট (New York State Mesonet) এর ডেটা জানাচ্ছে যে আপস্টেট নিউ ইয়র্কে ঝড়ের সময় সাত ইঞ্চি পর্যন্ত বিচ্ছিন্ন পরিমাণ সহ ব্যাপক দুই থেকে পাঁচ ইঞ্চি বৃষ্টি হয়েছে। যদিও এটি 31 অক্টোবর শুরু হয় এবং 1 নভেম্বর পর্যন্ত স্থায়ী হয়, তবে অধিকাংশ বৃষ্টি ছয় ঘন্টার মধ্যে পড়ে। এই ঝড় প্রবল বৃষ্টিপাত, আকস্মিক বন্যা এবং শক্তিশালী বায়ুর সৃষ্টি করে। ঘটনা হল, পশ্চিম কানাডা ক্রিক-এ হিংকলি ড্যাম এবং কাস্ট ব্রিজ, লিটল ফলসের হোপ এবং মোহক নদীর সাকান্ডাগা নদীতে বন্যা রেকর্ড মাত্রায় পৌঁছায়। মোহক উপত্যকার কিছু বাসিন্দাকে সরিয়ে নিতে হয়েছে, যার মধ্যে রয়েছে মোয়ার ক্রিকের কাছে হারকিমার কাউন্টির ফ্রাঙ্কফোর্ট গ্রামের বাসিন্দা এবং সকোইট ক্রিকের কাছে

ওনিডা কাউন্টির চ্যাডউইকসের বাসিন্দা। চল্লিশটি স্টেট ও টাস্ক ফোর্স 2-এর স্থানীয় সদস্য, স্টেটের সুইফট ওয়াটার রেসকিউ টিম, ঝড়ের সময় 65 জন মানুষ ও 14 টি পশু উদ্ধার করেছে।

ঝড় চলাকালে, 100 টিরও বেশি স্টেট সড়ক ক্ষতিগ্রস্ত, বন্ধ বা অন্যথায় অগম্য হয়েছে বন্যা থেকে সৃষ্ট এই ঘটনায় যাতে একাধিক রাস্তা, সেতু এবং কালভার্ট ডুবে গেছে। বেশ কিছু আবহাওয়া-সংক্রান্ত কারণে ক্ষতি হয়েছে যার মধ্যে আছে সড়কপথের ক্ষয় এবং সেতুর ক্ষতি থেকে শুরু করে কালভার্ট ও সড়কপথ সম্পূর্ণ ধ্বংস। গত 31 অক্টোবর থেকে 2 নভেম্বরের মধ্যে নিউ ইয়র্ক স্টেটের উপর দিয়ে বয়ে যাওয়া প্রবল বৃষ্টি, দমকা হাওয়া এবং ঝড়ো হাওয়ায় ক্ষতিগ্রস্ত 650,000 এরও বেশি ইলেকট্রিক গ্রাহকদের বিদ্যুৎ পুনরুদ্ধার করতে হয় ইউটিলিটি কর্মীদের। এর চোটে, বিদ্যুৎ ছাড়া ছিলেন 246,621 জন গ্রাহক।

গত 1 নভেম্বর গভর্নর কেয়ুগা, চতাকুয়া, কর্টল্যান্ড, ডাচেস, এরি, এসেক্স, হ্যামিল্টন, হারকিমার, জেফারসন, মন্টগোমারি, ওনিডা, সারাটোগা এবং ওয়ারেন কাউন্টির জন্য জরুরি অবস্থা ঘোষণা করেন। এর আগে, ঝড়ের সময় এবং তার পরের সময়ে, গভর্নর কুওমো একই সাথে একাধিক স্টেট সংস্থার স্টেট প্রতিক্রিয়ার সরঞ্জাম, কয়েকশ স্টেট কর্মী, ন্যাশনাল গার্ডের সদস্য এবং অন্যান্য বিভিন্ন সম্পদ মোতায়েন করার নির্দেশ দেন সাড়া এবং পরিষ্কার-পরিচ্ছন্ন কার্যক্রম নিয়ে স্থানীয়দের সহায়তা করার জন্য। এছাড়াও গভর্নর অধিবাসীদেরকে ঝড়ের পরে অবিলম্বে স্টেট, কাউন্টি এবং অলাভজনক সংস্থার দেওয়া পুনরুদ্ধার সেবা প্রদান করার জন্য মোহক উপত্যকা ও উত্তর দেশের সর্বত্র নয়টি দুর্যোগ সহায়তা সেবাকেন্দ্র প্রতিষ্ঠা করেন।

DHSES সম্পর্কে

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (DHSES) সন্ত্রাসবাদ, মানবসৃষ্ট ও প্রাকৃতিক বিপর্যয়, হুমকি, অগ্নিসংযোগের ঘটনা এবং অন্যান্য জরুরি পরিস্থিতি থেকে রক্ষা পেতে, তাদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে, প্রস্তুত থাকতে, সাড়া দিতে এবং উদ্ধার পাওয়ার প্রচেষ্টার জন্য নেতৃত্বে সমন্বয় ও সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য DHSES ফেসবুক পেইজ পরিদর্শন করুন, টুইটারে @NYSDHSES টুইটার বা ইন্সটাগ্রামে অনুসরণ করুন অথবা dhses.ny.gov পরিদর্শন করুন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন